

নথি নং ১ই
৪ -কল- ১৫/২০১৯

বিভাগীয় মামলা নং- ০৮/২০১৯

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

Web: (www.supremecourt.gov.bd)

অফিস আদেশ - ৩৬/২০১৯ (পি এন্ড ডি)

তারিখ: ০৪/০৩/১৯খ্রিঃ।

বিষয়:- বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্তকরণ প্রসঙ্গে।

আপনি অত্র কোর্টের এম,এল,এস,এস, সবুজ মিয়া মাননীয় বিচারপতি জনাব তারিক উল হাকিম মহোদয়ের ০২ নং জাজেস কমপ্লেক্স সরকারি বাসভবনে কর্মরত থাকাবস্থায় গত ০৫/০৩/২০১৯ খ্রিঃ তারিখে মহোদয়ের বাসভবনে বেডরুম থেকে ৬০০ মার্কিন ডলার ও নগদ ৩০,০০০ টাকা চুরি হয়ে যায়। উক্ত ঘটনার দিন মহোদয়ের বেডরুমের বাহিরে সিসি টিভির ফুটেজে আপনার উপস্থিতি লক্ষ্য করা যায়। গত ২৭/০২/২০১৯ খ্রিঃ তারিখে মহোদয়ের বোন আমেরিকা থেকে আসার পর মহোদয়কে প্রদত্ত ৫০০০ (পাঁচ হাজার) মার্কিন ডলার চুরি হয়েছিল। গত ০৮/১২/২০১৮ খ্রিঃ তারিখে মাননীয় বিচারপতি মহোদয়ের বাসভবনের নীচ তলার চেম্বার থেকে গাড়ি বিক্রির ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা চুরি হয়েছিল। গত ১৭/০৯/২০১৮ খ্রিঃ তারিখের কিছু দিন পূর্বে মহোদয়ের বাসভবনের দামী জিনিসপত্রসহ মহোদয়ের ছেলে-মেয়ের কিছু মার্কিন ডলারসহ বিদেশী মুদ্রা ও টাকা চুরি হয়েছিল। উক্ত ঘটনা সম্পর্কে গত ১৭/০৯/২০১৮ খ্রিঃ তারিখে আপনার বিরুদ্ধে লিখিত অভিযোগ দাখিল করা হয়। উপরোল্লিখিত টাকা, ডলার ও পাউন্ড ইত্যাদি আপনি চুরি করেছেন বলে মহোদয় সন্দেহ করেন। আপনি মহোদয়ের বিনা অনুমতিতে যখন তখন বাসা থেকে বাহিরে যান। কাজের সময় ডাকা হলে আপনাকে পাওয়া যায় না। আপনাকে ফোন দিয়ে মহোদয়ের বাসভবনের বাহির থেকে ডেকে আনতে হয়। আপনি প্রায়ই রাত ১২.০০ টার পর সন্দেহজনকভাবে কাউকে না বলে বাসভবন থেকে বাহিরে যান এবং ভোরে বাসভবনে ফিরে আসেন। আপনার সার্বিক আচার আচরণ বেশ সন্দেহজনক। আপনাকে মাদকাসক্ত বলে মনে হয়। গত ০৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখে মহোদয়ের বাসভবনের গেইটের সামনে আপনার নাম সম্বলিত একটি অত্যাধুনিক মডেলের দামী মটর সাইকেল দেখতে পাওয়া যায়। একজন এম,এল,এস,এস হিসেবে এই অত্যাধুনিক মডেলের মটর সাইকেল ক্রয়/ব্যবহার করা আপনার স্বাভাবিক কার্যক্রমকে সন্দেহজনক করছে। মাননীয় বিচারপতি মহোদয়ের উপর্যুক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে। আপনাকে গ্রেফতার করার পর প্রাথমিক জিজ্ঞাসাবাদ করা হলে আপনি মাননীয় বিচারপতি মহোদয়ের বাসভবন থেকে ডলার ও টাকা চুরি করার বিষয়ে স্বীকার করেন। বর্তমানে অত্র মামলা সংক্রান্তে আপনি জেল হাজতে আছেন।

আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৩ এর ২(২) বিধি মোতাবেক অসদাচরণের সামিল এবং উক্ত বিধিমালার ৩ (বি) বিধি মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ বিধায়, অভিযোগের গুরুত্ব বিবেচনায় ১৩/০৩/২০১৯ খ্রিঃ তারিখ হতে উক্ত বিধিমালার ১০(১) বিধি অনুযায়ী আপনাকে অত্র কোর্টের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো।

বিধি মোতাবেক আপনি খোরাকী ভাতা (Subsistence Allowance) পাবেন।

স্বা/-

তাং- 14 MAR 2019
রেজিস্ট্রার জেনারেল।

স্মারক নং-

২৪৮২

জি,এস,

তারিখঃ-

১৪/৩/১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। কোর্ট কীপার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৬। জনাব তানভীর আহমেদ (তুহিন), ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় বিচারপতি জনাব তারিক উল হাকিম মহোদয়, চেম্বার নং- এনেক্স-১০(এ), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৭। হিসাব রক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৮। সবুজ মিয়া, এম,এল,এস,এস, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৯। পি এন্ড ডি (নথি)।

14 MAR 2019
ডেপুটি রেজিস্ট্রার

(সার্বিক ও আদি অধিক্ষেত্র)